

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-১)  
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.২২.১৪৬.২৪-৭৯

তারিখ : ১৮ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে গণঅভ্যুত্থানের ফলে অনেক ছাত্র-জনতা আহত ও শহীদ হন। তাদের পরিবারের সদস্যদের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তির বিষয়ে গত ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে ৩৭.০০.০০০০.০৭১.২২.১৪৬.২৪-৬৬ নং স্মারকের জারীকৃত আদেশ বাতিলপূর্বক নিম্নরূপ আদেশ জারী করা হলো।

জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪ এ আহত/শহীদ পরিবারের সদস্যদের সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে লটারির মাধ্যমে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত প্রতি শ্রেণিতে ০১ (এক) জন করে ভর্তির জন্য আসন সংরক্ষিত থাকবে। জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪ এ আহত/ শহীদ পরিবারের সদস্যদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪-এ শহীদদের গেজেট যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। জুলাই গণ-অভ্যুত্থান ২০২৪ এ আহত/ শহীদ পরিবারের সদস্যদের পাওয়া না গেলে মেধা তালিকা থেকে উক্ত আসনে ভর্তি করতে হবে। কোন অবস্থায় আসন শূন্য রাখা যাবে না।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ কেবলমাত্র ২০২৫ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য হবে।

  
(মোসাম্মত রহিমা আক্তার)  
উপসচিব

নং-৩৭.০০.০০০০.০৭১.২২.১৪৬.২৪-৭৯

তারিখ : ১৮ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ  
০৩ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ ইন্সটান রোড, ঢাকা
৭. জেলা প্রশাসক, ..... (সকল)
৮. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. মাননীয় বিশেষ সহকারীর (প্রতিমন্ত্রী পদ মর্যাদাসম্পন্ন) একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, .....(সকল)
১২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

১৫. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নোয়েম), ঢাকা
১৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা.....(সকল)
১৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
১৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক.....
১৯. পরিচালক/উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)
২১. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
২২. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....
২৩. জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. জেলা শিক্ষা অফিসার,.....
২৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক)/ যুগ্ম সচিব (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

  
(মোসাম্মত রহিমা আক্তার)  
উপসচিব